দৈনিক ইত্তেফাক

১৪.

তারিখ ... SEP. 1 ■ 1999
পৃষ্ঠা ১২ কলাম ৭......

## মডেল হাইস্কুল এ্যান্ড কলেজে অধ্যক্ষ নিয়োগের বিরুদ্ধে নিষেধাজ্ঞা জারি

ঢাকার চতুর্থ সহকারী জজ আদালত মতিঝিল মডেল হাইস্কুল এণ্ড কলেজে অধ্যক্ষ নিয়োগদান পত্রের কার্যকারিতা স্থগিত ঘোষণা এবং এ এ এম তালিবুর রহমানকে উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ পদে নিয়োগের বিরুদ্ধে সাবের হোসেন চৌধুরী এমপিসহ ছয়জনকে আগামী ১৯শে সেপ্টেম্বর পর্যন্ত অন্তর্বর্তীকালীন নিষেধাজ্ঞার আদেশ প্রদান করিয়াছেন। সংসদ সদস্য সাবের হোসেন চৌধুরী পদাধিকার বলে মতিঝিল মডেল হাইস্কুল এণ্ড কলেজের গভর্নিং বডির সভাপতি। গত ৫ই জুলাই গভর্নিং বডির এক সভায় অধ্যক্ষ আবদুল মতিনের চাকুরীর মেয়াদ বৃদ্ধি ও নূতন অধ্যক্ষ নিয়োগ না করিবার পক্ষে সংখ্যাগরিষ্ঠ সদস্য ভোটদান করেন। কিন্তু সাবের হোসেন চৌধুরী এমপি বেআইনীভাবে একটি অধ্যক্ষ নির্বাচন কমিটি গঠন করিয়া উহার মাধ্যমে সম্পূর্ণ এককভাবে গত ৯ই সেপ্টেম্বর রামপুরা একরামুন্নেছা ডিগ্রী কলেজের অধ্যক্ষ এএএম তালিবুর রহমানকে মতিঝিল মডেল হাইস্কুল এণ্ড কলেজের অধ্যক্ষ পদে নিয়োগদান করেন। মতিঝিল মডেল হাইস্কুল এণ্ড কলেজের গভর্নিং বডির অভিভাবক সদস্য মেসবাহ উদ্দিন আহমেদ সাবু বাদী হইয়া উক্ত অধ্যক্ষ নিয়োগদান পত্রের বৈধতা চ্যালেঞ্জ করিয়া ঢাকার চতুর্থ সহকারী জজ আদালতে একটি মামলা দায়ের করেন। বিজ্ঞ আদালত শুনানি শেষে গত ১৪ই সেপ্টেম্বর উপরোক্ত নিষেধাজ্ঞার আদেশ জারি করেন।

বাদীর পক্ষে ছিলেন এডভোকেট মোহাম্মদ মতিউর রহমান।

—প্রেস বিজ্ঞপ্তি